

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
কৃষি ও খাদ্য বিভাগ (প্রধান কার্যালয়)

স্মারক নম্বর: ৩৬.০৫.০০০০.২০৫.১২.১৪৮.১৭.৫২

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ


বিষয়: : কোডেক্স এলিমেন্টেরিয়াস কমিশন এর ‘Codex Committee on Food Import and Export Inspection and Certification Systems (CCFICS)’ কারিগরি কমিটির সার্কুলেশনকৃত খসড়া গাইডলাইন এর উপর মতামত আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোডেক্স এলিমেন্টেরিয়াস কমিশন কৃষি ও খাদ্যজাত পণ্যের আন্তর্জাতিক মান প্রণয়ন সংস্থা। বিএসটিআই ১৯৭৫ সাল হতে কোডেক্স এলিমেন্টেরিয়াস কমিশনের সদস্য এবং ন্যাশনাল কোডেক্স কনটাক্ট পয়েন্ট (এনসিসিপি)। সদস্য দেশ হিসেবে বাংলাদেশ কোডেক্স এর মান প্রণয়ন কার্যক্রমে সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণসহ মতামত প্রদানের সুযোগ রয়েছে।

কোডেক্স এর সদস্য হিসেবে বিএসটিআই’র অন্যতম একটি দায়িত্ব হচ্ছে জাতীয় মানকে আন্তর্জাতিক মান এর সাথে সঙ্গতিপূর্ণ করার পাশাপাশি দেশের সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কোডেক্স এর মান প্রণয়ন কার্যক্রমে যুক্ত করার মধ্য দিয়ে জাতীয় স্বার্থকে আন্তর্জাতিক অঙ্গনে প্রতিফলিত করা। দেশে কোডেক্স এর কার্যক্রম সুচারুভাবে সম্পাদনের জন্য একটি ন্যাশনাল কোডেক্স কমিটি রয়েছে। ন্যাশনাল কোডেক্স কমিটির গত ৩১ জানুয়ারি ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত হয় যে, “কোডেক্স এর অনুষ্ঠিতব্য সভার তথ্যাদি এবং কার্যপত্র দেশের সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদেরকে অবহিত করা”।

প্রসঙ্গত উল্লেখ্য, কোডেক্স এর মান প্রণয়ন কার্যক্রমের জন্য বিষয়ভিত্তিক বিভিন্ন কারিগরি কমিটি রয়েছে। তন্মধ্যে একটি কারিগরি কমিটি হচ্ছে: ‘Codex Committee on Food Import and Export Inspection and Certification Systems (CCFICS)’। উক্ত CCFICS কমিটির অধীন Proposed Draft Guidelines on Recognition and Maintenance of Equivalence of National Food Control Systems (NFCS) শীর্ষক একটি গাইডলাইন প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রণীতব্য খসড়া গাইডলাইনটির উপর অনলাইন (Online Commenting Systems) এ বাংলাদেশসহ কোডেক্স এর সদস্য দেশ সমূহের মতামত আহ্বান করা হয়েছে। মতামত প্রদানের সময়সীমা আগামী ০৫ এপ্রিল ২০২৩ পর্যন্ত নির্ধারিত রয়েছে। খসড়া গাইডলাইনটির এক (১) কপি প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে এবং দেশীয় স্ট্যান্ডার্ডস এবং রেগুলেশন আন্তর্জাতিক মান এর সাথে সাদৃশ্যপূর্ণ করতে জাতীয় ও আন্তর্জাতিক কার্যক্রমে অংশীজনদের অংশগ্রহণ জরুরী।

বর্ণিত অবস্থায়, কোডেক্স এর CCFICS কমিটির অধীন প্রণীতব্য খসড়া গাইডলাইনটির উপর কারো কোনো মতামত/পর্যবেক্ষণ যদি থাকে, তবে সেটি বিএসটিআই’র মাধ্যমে আন্তর্জাতিক পর্যায়ে প্রতিফলিত করার সুযোগ রয়েছে। এমতাবস্থায়, অত্রসাথে প্রেরিত খসড়া গাইডলাইনটির উপর কারো কোনো মতামত থাকলে যৌক্তিকতা উল্লেখপূর্বক তা আগামী ৩০-০৩-২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।



১৩-০৩-২০২৩
মোঃ আবদুস সাত্তার
মহাপরিচালক (গ্রেড-১)

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়;
- ২। সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়;
- ৩। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়;
- ৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
- ৫। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ৬। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;
- ৭। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর;
- ৮। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর ;
- ৯। ভাইস-চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এর দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো;
- ১০। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
- ১১। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ;
- ১২। সভাপতি, এফবিসিসিআই;
- ১৩। পরিচালক, সিএম উইং, বিএসটিআই;
- ১৪। পরিচালক, রসায়ন পরীক্ষণ উইং, বিএসটিআই;
- ১৫। সহকারী পরিচালক, সিএম, প্রধান কার্যালয়, বিএসটিআই এবং
- ১৬। কনসালটেন্ট, MUCH Project, FAO-BD।

স্মারক নম্বর: ৩৬.০৫.০০০০.২০৫.১২.১৪৮.১৭.৫২/১ (৩)

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়;
- ২। পরিচালক, মান উইং, বিএসটিআই এবং
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল (ওয়েবসাইটে আপলোডের জন্য), বিএসটিআই।



১৩-০৩-২০২৩
এনামুল হক
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) cl23_09e-Draft Guideline Document